

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের “নৈতিকতা কমিটি” এর বার্ষিক কর্মপরিকল্পনা-২০১৮-২০১৯

ক্রমিক নং	
১.	নৈতিকতা কমিটি পুনর্গঠন এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন।
২.	প্রতি ০৩ (তিন) মাস অন্তর নৈতিকতা কমিটির সভা আয়োজন।
৩.	অধিদপ্তরের ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ।
৪.	নিম্নবর্ণিত উত্তম চর্চা (Best Practice) সমূহ বাস্তবায়নঃ ক) অধিদপ্তরের সিটিজেন চার্টার প্রদর্শনের ব্যবস্থা নেয়া; খ) যথাসময়ে কর্মকর্তা/কর্মচারীগণের অফিসে উপস্থিতি নিশ্চিত করা; গ) ডিজিটাল হাজিরা কার্যকর করা এবং উক্ত রেকর্ড অনুযায়ী বিলম্বে উপস্থিতির জন্য ব্যবস্থা গ্রহণ করা; ঘ) দাপ্তরিক সভাসমূহ সময়মতো শুরু এবং শেষ করা; ঙ) “আমি ও আমার অফিস দুর্নীতিমুক্ত” শীর্ষক ঘোষণা অফিস প্রধান কর্তৃক স্বাক্ষর করে দপ্তরের সামনে টানিয়ে রাখার ব্যবস্থা গ্রহণ; চ) ই-ফাইলিং ব্যবস্থা বাস্তবায়ন করা; ছ) ইলেকট্রনিক্স এ্যাসেট রেজিস্টার সংরক্ষণ করা; জ) দাপ্তরিক সকল কাজে ইউনিকোড ব্যবহার; ঝ) ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন; ঞ) চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ।
৫.	কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে শুদ্ধাচার বাস্তবায়ন কৌশল, নিয়মিত উপস্থিতি বিধিমালা ১৯৮২; সরকারি কর্মচারি আচরণ বিধিমালা ১৯৭৯ এবং সচিবালয় নির্দেশমালা ২০১৪ সম্পর্কে সচেতনতা বৃদ্ধিমূলক সভা/প্রশিক্ষণ আয়োজন।
৬.	অভিযোগ প্রতিকার নির্দেশিকা বাস্তবায়নের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তিকরণ।
৭.	দুর্যোগ ব্যবস্থাপনা আইন-২০১২ অনুযায়ী দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের খসড়া অর্গানোগ্রাম প্রণয়ন এবং মন্ত্রণালয়ে প্রেরণ।
৮.	আবেদনের প্রেক্ষিতে তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ডিও) ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কর্তৃক তথ্য সরবরাহ।
৯.	তথ্য অধিকার আইন, ২০০৯; জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) আইন, ২০১১ এবং জনস্বার্থ সংশ্লিষ্ট তথ্য প্রকাশ (সুরক্ষা) বিধিমালা, ২০১৭ সম্পর্কে কর্মকর্তা-কর্মচারীদেরকে অবহিতকরণ।
১০.	তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ।
১১.	বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন ও বাস্তবায়ন পরিবীক্ষণ।
১২.	আওতাধীন/অধস্তন কার্যালয়ে ‘শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭’ অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদানের নিমিত্ত সংশ্লিষ্ট কোডে অর্থ বরাদ্দ।
১৩.	ভিডিও কনফারেন্স এর মাধ্যমে মাঠ পর্যায়ের সাথে সভা পরিচালনা করা।
১৪.	শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বাজেট বরাদ্দ।
১৫.	উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত অধঃস্তন অফিসসমূহের কার্যক্রম পরিদর্শন ও কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ।
১৬.	শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান।